# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

"পল্লী ভবন"

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০.০০.২০৫.০০.১৭৪.০৯(অংশ-১).৫৮৩৩ তারিখ ঃ ০৩/০৫/২০১৬খ্রিঃ

বিষয় ঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোর আওতায় কর্মকর্তা ও কর্মচারীদের বদলী/পদায়ন নীতিমালা প্রণয়ন সংক্রান্ত।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোর আওতার কর্মকর্তা ও কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন, কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও মানসম্মত জনসেবা নিশ্চিত করার লক্ষ্যে বোর্ড নিম্নরূপ বদলী/পদায়ন নীতমালা করছে। কর্মকর্তা/কর্মচারীগণকে উপজেলা, জেলা ও প্রধান কার্যালয়ে পদায়নের ক্ষেত্রে সাধারণভাবে এ নীতিমালা অনুসরণ করা হবে। খসড়া বদলি নীতিমালা প্রণয়ন করে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নীতিমালা অনুসরণ করে অত্র নীতিমালায় জেলা/উপজেলার শ্রেণী বিন্যাস করা হয়েছে।

২। প্রকাশিত খসড়া বদলি নীতিমালা সম্পর্কে কারো কোনো মতামত থাকলে, মতামতের স্বপক্ষে যৌক্তিকতাসহ আগামী ১৫/০৫/২০১৬ তারিখের মধ্যে মহাপরিচালক মহোদয়ের বরাবর ই-মেইলে (dgbrdb@gmail.com)/ লিখিতভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৩/৫/২০১৬

মোঃ মশিউর রহমান
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৮১৮০০০৪

স্মারক নং- ৪৭.৬২.০০.০০.২০৫.০০.১৭৪.০৯(অংশ-১).৫৮৩৩ তারিখ ঃ ০৩/০৫/২০১৬খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। পরিচালক (সকল) .................................. বিআরডিবি, ঢাকা।
২। পরিচালক, বিআরডিটিআই, খাদিমনগর, সিলেট।
৩। প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক (সকল) .................................. বিআরডিবি, ঢাকা/ফরিদপুর।
৪। যুগ্মপরিচালক (সকল) .................................. বিআরডিবি, ঢাকা।
৫। উপপরিচালক (সকল) .................................. বিআরডিবি, ঢাকা।
৬। উপপরিচালক (সকল), জেলাদপ্তর .................................. ।
৭। উপপরিচালক (প্রশাসন/হিসাব/বাজেট/নিরীক্ষা/প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা।
৮। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৯। ব্যক্তিগত নথি/সংশ্লিষ্ট নথি।

০৩/০৫/১৬

(মোঃ জাহাঙ্গীর আলম)
যুগ্মপরিচালক (প্রশাসন)
ফোনঃ ৮১৮০০০৯

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

"পল্লী ভবন"
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Website : www.brdb.gov.bd

বিষয় ঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোর আওতায় কর্মকর্তা ও কর্মচারীদের বদলী/পদায়ন নীতিমালা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোর আওতার কর্মকর্তা ও কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন, কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও মানসম্মত জনসেবা নিশ্চিত করার লক্ষ্যে বোর্ড নিম্নরূপ বদলী/পদায়ন নীতমালা করছে। কর্মকর্তা/কর্মচারীগণকে উপজেলা, জেলা ও প্রধান কার্যালয়ে পদায়নের ক্ষেত্রে সাধারণভাবে এ নীতিমালা অনুসরণ করা হবে।

(ক) একই কর্মস্থলে ৩ (তিন) বৎসর পূর্তিতে কর্মকর্তা/কর্মচারীদের বদলী করা হবে।

(খ) নিয়োগ/পদায়নের আদেশে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দিষ্ট তারিখ উল্লেখ করা হবে। যৌক্তিক কারণ ব্যতিত নির্ধারিত তারিখের মধ্যে কোনো কর্মকর্তা/কর্মচারী তাঁর বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তা অসদাচারণ হিসেবে গণ্য হবে।

(গ) বদলী আদেশ প্রতি বৎসর নভেম্বর মাসে জারী করতে হবে এবং জানুয়ারী মাসের ১ম সপ্তাহের মধ্যে অবশ্যই বাস্তবায়ন করতে হবে।

(ঘ) নবযোগদানকৃত উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণকে নিজ বিভাগ ব্যতিত অন্য যে কোনো বিভাগে পদায়ন করা হবে। শিক্ষানবিশকালে কোনো কর্মকর্তাকে বদলি করা হবে না। তবে শুধু অনিবার্য প্রশাসনিক কারণে কোনো কর্মকর্তাকে একই বিভাগের আওতাধীন অন্য কোনো জেলায় বদলি করা যাবে।

(ঙ) প্রচলিত নিয়মানুযায়ী খাগড়াছড়ি, রাংগামাটি ও বান্দরবান পার্বত্য জেলাসমূহসহ অন্যান্য দুর্গম কর্মস্থলে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কর্মকাল দুই বৎসর। উক্ত নিয়ম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।

(চ) উপজেলা পর্যায়ে ন্যূনতম ০৫(পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা ব্যতিত এবং বিভাগীয় মামলায় শাস্তি প্রাপ্ত কোন কর্মকর্তা সদর দপ্তরে বা প্রেষণের কোন পদে পদায়িত হবেন না। এছাড়া উক্ত মেয়াদ পূর্ণ হলে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও উপপরিচালক পদে পদোন্নতি/পদায়নের জন্য কর্মকর্তাদের তালিকায় (ফিটলিস্ট) অর্ন্তভুক্তির জন্য বিবেচনা করা হবে।

(ছ) কোনো কর্মকর্তা/কর্মচারীর নিজের অথবা স্ত্রী/স্বামী/সন্তানের দুরারোগ্য ব্যাধির সুষ্ঠু চিকিৎসার স্বার্থে মেডিকেল বোর্ডের সুপারিশের পরিপ্রেক্ষিতে নির্ধারিত মেয়াদের পূর্বে সুবিধাজনক স্থানে পদায়ন করা যাবে।

(জ) কোনো কর্মকর্তা/কর্মচারীর স্ত্রী/স্বামী উভয়েই চাকরিজীবি হলে একই কর্মস্থলে বা যথাসম্ভব নিকটবর্তী কর্মস্থলে পদায়নের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে।

(ঝ) উপপরিচালক ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণকে নিজ জেলায় এবং দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণকে নিজ উপজেলায় বদলী/পদায়ন করা যাবে না। কোন কর্মকর্তাকে তাঁর স্বামী বা স্ত্রী'র উপজেলা/জেলায় পদায়ন করা যাবে না।

(ঞ) তৃতীয় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদেরকে নিজ জেলায় অগ্রাধিকার ভিত্তিতে বদলী/পদায়ন করা যাবে তবে নিজ উপজেলায় বদলী/পদায়ন করা যাবে না।

(ট) বদলীর আদেশ তাৎক্ষণিকভাবে বাতিল/স্থগিত করতে হলে যৌক্তিকতাসহ মহাপরিচালকের অনুমোদন গ্রহণ করতে হবে।

(ঠ) পিআরএল শুরুর ১বছর পূর্বে সবিধাজনক স্থানে পদায়নের সুযোগ প্রদান করা যেতে পারে।

চলমান পাতা-২/

(ড) সকল কর্মকর্তাগণকে তাঁর চাকরি জীবনে কমপক্ষে ০১(এক) বার (এক নাগাড়ে ০২ বৎসর) পার্বত্য অঞ্চল/দ্বীপাঞ্চল/চরাঞ্চল/হাওরাঞ্চলে (উপজেলার তালিকা সংযুক্ত-পরিশিষ্ট-ক) চাকরি করতে হবে অন্যথায় তিনি পদোন্নতিযোগ্য হবেন না।

(ঢ) মাঠ পর্যায়ে পদায়নের ক্ষেত্রে দেশের জেলা ও উপজেলাসমূহের অবকাঠামোগত অবস্থা, শিক্ষা ব্যবস্থা, চিকিৎসা সংক্রান্ত সুবিধাদি, রাজধানী/বিভাগ/জেলা শহর হতে দূরত্ব ইত্যাদি বিবেচনায় জেলাসমূহকে তিনটি শ্রেণীতে (ক, খ এবং গ) (পরিশিষ্ট-খ) এবং উপজেলাসমূহকে চারটি শ্রেণীতে (ক, খ, গ ও ঘ) (পরিশিষ্ট-গ) বিন্যস্ত করা হলো।

(ণ) ক/খ শ্রেণী জেলা/উপজেলায় কর্মরত কর্মকর্তাকে অব্যবহিত পরের বদলী/পদায়নের ক্ষেত্রে গ/ঘ শ্রেণী জেলা/উপজেলায় বদলী/পদায়ন করা হবে।

(ত) গ/ঘ শ্রেণীর জেলা/উপজেলায় কর্মরত কর্মকর্তাকে অব্যবহিত পরের বদলী/পদায়নের ক্ষেত্রে ক/খ শ্রেণীর জেলা/উপজেলায় বদলী/পদায়ন করা হবে।

(থ) কর্মকর্তাদের বদলীর ক্ষেত্রে তাঁহাদের জ্যেষ্ঠতা ও কর্মসম্পাদন বিবেচনায় আসিবে। কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা বিবেচনায় এনে কর্তৃপক্ষ পদায়নের ক্ষমতা সংরক্ষণ করবে।

(দ) কর্মকর্তা/কর্মচারীগণ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্মচারী চাকরি প্রবিধানমালা' ১৯৮৮ এর ৩৮(৩)(৪)(৫) প্রবিধি যথাযথভাবে অনুসরণ করবেন।

(ধ) পদোন্নতি প্রাপ্তির পর কর্মকর্তা/কর্মচারীকে নূতন কর্মস্থলে পদায়ন করতে হবে। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপপ্রকল্প পরিচালক ও উপপরিচালক পদে পদোন্নতি প্রাপ্তির পর বিদ্যমান কর্মরত জেলায় পদায়ন করা যাবে না।

(ন) কোনো উপজেলায় ইউআরডিও'র পদ শুন্য হলে ঐ উপজেলায় কর্মরত এআরডিও'কে ইউআরডিও পদের অতিরিক্ত দায়িত্ব দেয়া যেতে পারে। মূল কর্মসূচীর এআরডিও না থাকলে মহিলা উন্নয়ন অনুবিভাগের এআরডিও'কে উক্ত ইউআরডিও'র অতিরিক্ত দায়িত্ব দেয়া যেতে পারে।

(প) কোনো উপজেলায় মূল কর্মসূচীর এআরডিও বা হিসাবরক্ষকের পদ শূন্য থাকলে ঐ উপজেলার মহিলা উন্নয়ন অনুবিভাগের এআরডিও/হিসাবরক্ষক'কে মূল কর্মসূচীর এআরডিও/হিসাবরক্ষকের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা যেতে পারে।

(ফ) অনুরূপভাবে এআরডিও (মউ) এর পদটি শূন্য থাকলে মূল কর্মসূচীর এআরডিও একই সঙ্গে মউ কার্যক্রম ও মূল কার্যক্রমের দায়িত্ব পালন করবেন এবং একইভাবে হিসাবরক্ষক(মউ) এর পদটি শূন্য থাকলে মূল কার্যক্রমের হিসাবরক্ষক(মউ) ও মূল কার্যক্রমের দায়িত্ব পালন করবেন।

(ভ) জেলা পর্যায়ে উপপরিচালকের পদ শুন্য হলে উপ-প্রকল্প পরিচালক উপপরিচালকের অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। যদি সে জেলায় উপ প্রকল্প পরিচালকের পদ শূন্য থাকে তবে জেলাধীন জ্যেষ্ঠ ইউআরডিও উপপরিচালকের দায়িত্ব পালন করবেন।

(ব) ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীগণকে এ নীতিমালা অনুসরণপূর্বক সংশ্লিষ্ট উপপরিচালক তার জেলার অভ্যন্তরে বদলী/পদায়ন করবেন।

(ম) অন্যান্য সকল ধরনের বদলী/পদায়নের ক্ষমতাবান কর্মকর্তা হলেন মহাপরিচালক।

২। এতদ্‌সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত সকল পরিপত্র এতদ্বারা বাতিল করা হলো।

৩। উপরোক্ত সিদ্ধান্তসমূহ অবিলম্বে কার্যকর হইবে।

পরিশিষ্ট-ক

১। পাবর্ত্য জেলা ও উপজেলা ঃ (খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙ্গামাটি এর সকল উপজেলা)।

২। দ্বীপাঞ্চলঃ মনপুরা উপজেলা, ভোলা; সন্দ্বীপ উপজেলা, চট্টগ্রাম; মহেশখালী উপজেলা, কক্সবাজার; হাতিয়া উপজেলা, নোয়াখালী।

৩। হাওর অঞ্চলঃ অষ্টগ্রাম, মিঠমইন, ইটনা, করিমগঞ্জ উপজেলা, কিশোরগঞ্জ; খালিয়াজুড়ি উপজেলা, নেত্রকোনা; সদর উপজেলা ব্যতিত সকল উপজেলা, সুনামগঞ্জ।

৪। দুর্গম অঞ্চলঃ রাজীবপুর ও রৌমারী উপজেলা, কুড়িগ্রাম; চৌহালী উপজেলা, সিরাজগঞ্জ; মেঘনা উপজেলা, কুমিল্লা;

**পরিশিষ্ট- ঘ**

**পদায়নের জন্য বিভিন্ন শ্রেণির জেলার নামঃ**

| ক শ্রেণি | খ শ্রেণি | গ শ্রেণি |
|---|---|---|
| ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, রংপুর, নরসিংদী, টাঙ্গাইল, ময়মনসিংহ, ফরিদপুর, সিলেট, বরিশাল, খুলনা, যশোর, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়িয়া, বগুড়া, নোয়াখালী, কুমিল্লা, পাবনা, রাজশাহী, দিনাজপুর, মুন্সীগঞ্জ, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, জামালপুর, কক্সবাজার।<br>(মোট- ২৫ টি জেলা) | গোপালগঞ্জ, রাজবাড়ী, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, মাগুরা, পটুয়াখালী, বাগেরহাট, সাতক্ষীরা, কুষ্টিয়া, ঝিনাইদহ, ফেনী, লক্ষ্মীপুর, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, সিরাজগঞ্জ, নওগাঁ, জয়পুরহাট, রাঙ্গামাটি পার্বত্য জেলা।<br>(মোট- ২০ টি জেলা) | শেরপুর, বরগুনা, পিরোজপুর, ভোলা, ঝালকাঠি, মেহেরপুর, লালমনিরহাট, নড়াইল, চুয়াডাঙ্গা, কুড়িগ্রাম, শরিয়তপুর, মাদারীপুর, নেত্রকোণা, নীলফামারী, পঞ্চগড়, গাইবান্ধা, ঠাকুরগাঁও, বান্দরবন পার্বত্য জেলা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।<br>(মোট- ১৯ টি জেলা) |

পরিশিষ্ট-'ঘ'

**পদায়নের জন্য বিভিন্ন শ্রেণির উপজেলার নাম:**

| ক্রম | জেলা | ক শ্রেণি | খ শ্রেণি | গ শ্রেণি | ঘ শ্রেণি |
|---|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ধামরাই, সাভার, কেরাণীগঞ্জ | দোহার, নবাবগঞ্জ | | |
| ২. | গাজীপুর | গাজীপুর সদর, শ্রীপুর, কালীগঞ্জ, কাপাসিয়া, কালিয়াকৈর | | | |
| ৩. | নরসিংদী | নরসিংদী সদর, পলাশ | রায়পুরা, শিবপুর, মনোহরদী, বেলাবো | | |
| ৪. | মানিকগঞ্জ | মানিকগঞ্জ সদর, সিংগাইর, শিবালয় | সাটুরিয়া | হরিরামপুর, ঘিওর | দৌলতপুর |
| ৫. | মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ সদর, শ্রীনগর, সিরাজদিখান | লৌহজং, টঙ্গীবাড়ী, গজারিয়া | | |
| ৬. | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ সদর, সোনারগাঁ, রূপগঞ্জ, আড়াইহাজার, বন্দর | | | |
| ৭. | ফরিদপুর | ফরিদপুর সদর | বোয়ালমারী, ভাংগা, মধুখালী, নগরকান্দা | সদরপুর, সালথা, আলফাডাঙ্গা | চরভদ্রাসন |
| ৮. | মাদারীপুর | মাদারীপুর সদর | | কালকিনি, রাজৈর | শিবচর |
| ৯. | গোপালগঞ্জ | গোপালগঞ্জ সদর, টুঙ্গীপাড়া | | কাশিয়ানী, মকসুদপুর | কোটালীপাড়া |
| ১০. | রাজবাড়ী | রাজবাড়ী সদর | গোয়ালন্দ, পাংশা | কালুখালী, বালিয়াকান্দি | |
| ১১. | শরীয়তপুর | শরীয়তপুর সদর | | ডামুড্যা, জাজিরা, ভেদরগঞ্জ, নড়িয়া, গোসাইরহাট | |
| ১২. | জামালপুর | জামালপুর সদর | মেলান্দহ, সরিষাবাড়ী | মাদারগঞ্জ, ইসলামপুর | দেওয়ানগঞ্জ, বক্সীগঞ্জ |
| ১৩. | শেরপুর | শেরপুর সদর | নকলা | শ্রীবরদী, ঝিনাইগাতি, নালিতাবাড়ি | |
| ১৪. | ময়মনসিংহ | ময়মনসিংহ সদর, ভালুকা, ত্রিশাল, মুক্তাগাছা | ফুলপুর, ঈশ্বরগঞ্জ, গৌরীপুর, গফরগাঁও, নান্দাইল, ফুলবাড়ীয়া, হালুয়াঘাট | তারাকান্দা | ধোবাউড়া |
| ১৫. | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ সদর, ভৈরব | বাজিতপুর, কটিয়াদী, কুলিয়ারচর, করিমগঞ্জ, হোসেনপুর | তাড়াইল, পাকুন্দিয়া | অষ্টগ্রাম, ইটনা, মিঠামইন, নিকলী |
| ১৬. | নেত্রকোণা | নেত্রকোণা সদর | মোহনগঞ্জ, বারহাট্টা | কেন্দুয়া, আটপাড়া, পূর্বধলা | দূর্গাপুর, মদন, কলমাকান্দা, খালিয়াজুরী |

| ক্রম | জেলা | ক শ্রেণি | খ শ্রেণি | গ শ্রেণি | ঘ শ্রেণি |
|---|---|---|---|---|---|
| ১৭. | টাঙ্গাইল | টাঙ্গাইল সদর, কালিহাতী, মির্জাপুর, মধুপুর, ঘাটাইল | ভূঞাপুর, নাগরপুর, গোপালপুর, বাসাইল, দেলদুয়ার | সখিপুর, ধনবাড়ী | |
| ১৮. | চট্টগ্রাম | আনোয়ারা, মিরশরাই, হাটহাজারী, সীতাকুণ্ড, পটিয়া, চন্দনাইশ, ফটিকছড়ি, বোয়ালখালী, রাঙ্গুনিয়া, সাতকানিয়া | লোহাগাড়া, বাঁশখালী | রাউজান | সন্দ্বীপ |
| ১৯. | কক্সবাজার | কক্সবাজার সদর, চকরিয়া, রামু | উখিয়া, টেকনাফ | পেকুয়া | কুতুবদিয়া, মহেষখালী |
| ২০. | রাঙ্গামাটি | রাঙ্গামাটি সদর, কাপ্তাই | কাউখালী | | ননিয়ারচর, বরকল, বিলাইছড়ি, লংগদু, বাঘাইছড়ি, রাজস্থলী, জুরাইছড়ি |
| ২১. | খাগড়াছড়ি | খাগড়াছড়ি সদর | | মহলছড়ি, দীঘিনালা, পানছড়ি, রামগড়, মাটিরাঙ্গা, মানিকছড়ি, লক্ষ্মীছড়ি, গুইমারা | |
| ২২. | বান্দরবান | বান্দরবান সদর | | লামা, রোমা, আলিকদম, নাইক্ষ্যংছড়ি, রোয়াংছড়ি | থানছি |
| ২৩. | কুমিল্লা | কুমিল্লা সদর, সদর দক্ষিণ, লাকসাম, বুড়িচং, বরুড়া, দেবীদ্বার, চান্দিনা, ব্রাহ্মণপাড়া, চৌদ্দগ্রাম, দাউদকান্দি | মনোহরগঞ্জ, হোমনা, তিতাস, মুরাদনগর, নাংগলকোট | | মেঘনা |
| ২৪. | ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া সদর, আশুগঞ্জ, বিজয়নগর, আখাউড়া | কসবা, নবীনগর, সরাইল | বাঞ্ছারামপুর, নাসিরনগর | |
| ২৫. | চাঁদপুর | চাঁদপুর সদর, হাজিগঞ্জ | ফরিদগঞ্জ, মতলব দক্ষিণ, কচুয়া, শাহরাস্তি | | হাইমচর, মতলব উত্তর |
| ২৬. | নোয়াখালী | নোয়াখালী সদর, বেগমগঞ্জ | সেনবাগ, চাটখিল, কোম্পানীগঞ্জ, সোনাইমুড়ী | কবিরহাট, সুবর্ণচর | হাতিয়া |
| ২৭. | ফেনী | ফেনী সদর | ছাগলনাইয়া, পরশুরাম, দাগনভুইয়া | সোনাগাজী, ফুলগাজী | |
| ২৮. | লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর সদর | রামগঞ্জ, রায়পুর | রামগতি, কমলনগর | |
| ২৯. | রাজশাহী | পবা, মোহনপুর, পুঠিয়া | বাগমারা, দুর্গাপুর | গোদাগাড়ী, তানোর, চারঘাট, বাঘা | |

| ক্রম | জেলা | ক শ্রেণি | খ শ্রেণি | গ শ্রেণি | ঘ শ্রেণি |
|---|---|---|---|---|---|
| ৩০. | নাটোর | নাটোর সদর, সিংড়া | বাগাতিপাড়া, বড়াইগ্রাম, গুরুদাসপুর | লালপুর, নলডাঙ্গা | |
| ৩১. | চাঁপাইনবাবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ সদর | শিবগঞ্জ, গোমস্তাপুর | নাচোল | ভোলাহাট |
| ৩২. | নওগাঁ | নওগাঁ সদর, মান্দা, পত্নীতলা, মহাদেবপুর | | নিয়ামতপুর, রাণীনগর, বদলগাছী, ধামুইরহাট, পোরশা, শাপাহার, আত্রাই | |
| ৩৩. | পাবনা | পাবনা সদর, ইশ্বরদী | আটঘরিয়া, চাটমোহর, সাঁথিয়া, সুজানগর, বেড়া | ভাংগুড়া, ফরিদপুর | |
| ৩৪. | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ সদর, উল্লাপাড়া, শাহজাদপুর | কামারখন্দ, রায়গঞ্জ, বেলকুচি | তাড়াশ | চৌহালী, কাজীপুর |
| ৩৫. | বগুড়া | বগুড়া সদর, শেরপুর, শাহজাহানপুর, শিবগঞ্জ | ধুপচাঁচিয়া, আদমদীঘি, গাবতলী | সারিয়াকান্দি, নন্দীগ্রাম, কাহালু, ধুনট, সোনাতলা | |
| ৩৬. | জয়পুরহাট | জয়পুরহাট সদর | পাঁচবিবি | ক্ষেতলাল, আক্কেলপুর, কালাই | |
| ৩৭. | রংপুর | রংপুর সদর, মিঠাপুকুর, পীরগঞ্জ | পীরগছা, তারাগঞ্জ | গংগাচড়া, বদরগঞ্জ, কাউনিয়া | |
| ৩৮. | দিনাজপুর | দিনাজপুর সদর | ফুলবাড়ী, বীরগঞ্জ, বিরামপুর, পার্বতীপুর | বিরল, কাহারোল, বোচাগঞ্জ, নবাবগঞ্জ, হাকিমপুর, খানসামা, ঘোড়াঘাট, চিরিরবন্দর | |
| ৩৯. | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও সদর | | রাণীশংকৈল, হরিপুর, বালিয়াডাংগী, পীরগঞ্জ | |
| ৪০. | পঞ্চগড় | পঞ্চগড় সদর | বোদা | আটোয়ারী, দেবীগঞ্জ, তেঁতুলিয়া | |
| ৪১. | নীলফামারী | নীলফামারী সদর, সৈয়দপুর | | কিশোরগঞ্জ, জলঢাকা, ডিমলা, ডোমার | |
| ৪২. | কুড়িগ্রাম | কুড়িগ্রাম সদর | নাগেশ্বরী, রাজারহাট | চিলমারী, ফুলবাড়ী, ভুরুঙ্গামারী, উলিপুর | রাজিবপুর, রৌমারী |
| ৪৩. | গাইবান্ধা | গাইবান্ধা সদর, পলাশবাড়ী, গোবিন্দগঞ্জ | | সাদুল্যাপুর, সাঘাটা, সুন্দরগঞ্জ | ফুলছড়ি |
| ৪৪. | লালমনিরহাট | লালমনিরহাট সদর | | কালিগঞ্জ, হাতিবান্ধা, আদিতমারী, পাটগ্রাম | |
| ৪৫. | খুলনা | ফুলতলা, বটিয়াঘাটা | দিঘলিয়া, রূপসা, ডুমুরিয়া | পাইকগাছা, তেরখাদা | দাকোপ, কয়রা |
| ৪৬. | বাগেরহাট | বাগেরহাট সদর | মোল্লাহাট, কচুয়া, ফকিরহাট, মংলা, মোড়েলগঞ্জ, রামপাল | চিতলমারী | শরণখোলা |
| ৪৭. | সাতক্ষীরা | সাতক্ষীরা সদর | কলারোয়া, দেবহাটা | আশাশুনি, তালা, কালিগঞ্জ | শ্যামনগর |

| ক্রম | জেলা | ক শ্রেণি | খ শ্রেণি | গ শ্রেণি | ঘ শ্রেণি |
|---|---|---|---|---|---|
| ৪৮. | যশোর | যশোর সদর, শার্শা, ঝিকরগাছা, অভয়নগর, কেশবপুর | মণিরামপুর, বাগারপাড়া, চৌগাছা | | |
| ৪৯. | ঝিনাইদহ | ঝিনাইদহ সদর, কালিগঞ্জ | কোটচাঁদপুর, শৈলকুপা | মহেষপুর, হরিণাকুণ্ডু | |
| ৫০. | মাগুরা | মাগুরা সদর | শালিখা, শ্রীপুর, মোহম্মদপুর | | |
| ৫১. | নড়াইল | নড়াইল সদর | | লোহাগড়া, কালিয়া | |
| ৫২. | মেহেরপুর | মেহেরপুর সদর | মুজিবনগর | গাংনী | |
| ৫৩. | কুষ্টিয়া | কুষ্টিয়া সদর, কুমারখালী | ভেড়ামারা, খোকসা | মিরপুর, দৌলতপুর | |
| ৫৪. | চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা সদর | | আলমডাঙ্গা, দামুরহুদা, জীবননগর | |
| ৫৫. | বরিশাল | বরিশাল সদর | গৌরনদী, বাবুগঞ্জ, আগৈলঝরা | বাকেরগঞ্জ, বানারীপাড়া, উজিরপুর | মুলাদী, হিজলা, মেহেন্দিগঞ্জ |
| ৫৬. | ঝালকাঠি | ঝালকাঠি সদর | | রাজাপুর, নলছিটি, কাঠালিয়া | |
| ৫৭. | পিরোজপুর | পিরোজপুর সদর | ভাণ্ডারিয়া | নাজিরপুর, কাউখালী, মঠবাড়িয়া, নেছারাবাদ | জিয়ানগর |
| ৫৮. | ভোলা | ভোলা সদর | | দৌলতখান, তজুমুদ্দিন, বোরহানউদ্দিন, লালমোহন | মনপুরা, চরফ্যাশন |
| ৫৯. | পটুয়াখালী | পটুয়াখালী সদর | বাউফল | মির্জাগঞ্জ, দুমকী | গলাচিপা, কলাপাড়া, দশমিনা, রাঙ্গাবালী |
| ৬০. | বরগুনা | বরগুনা সদর | আমতলী | তালতলী | বেতাগী, বামনা, পাথরঘাটা |
| ৬১. | সিলেট | সিলেট সদর, বালাগঞ্জ, বিশ্বনাথ, গোলাপগঞ্জ, দক্ষিণ সুরমা, বিয়ানীবাজার, ওসমানীনগর | | কানাইঘাট, জকিগঞ্জ, জৈন্তাপুর, ফেঞ্চুগঞ্জ, কোম্পানীগঞ্জ, গোয়াইনঘাট | |
| ৬২. | মৌলভীবাজার | মৌলভীবাজার সদর, কুলাউড়া, শ্রীমঙ্গল | বড়লেখা, কমলগঞ্জ, রাজনগর | জুড়ী | |
| ৬৩. | হবিগঞ্জ | হবিগঞ্জ সদর, মাধবপুর | নবীগঞ্জ, বাহুবল, চুনারুঘাট, | বানিয়াচং, লাখাই | আজমিরীগঞ্জ |
| ৬৪. | সুনামগঞ্জ | সুনামগঞ্জ সদর, ছাতক | জগন্নাথপুর, দক্ষিণ সুনামগঞ্জ | দিরাই | বিশ্বম্ভরপুর, ধর্মপাশা, শাল্লা, তাহিরপুর, জামালগঞ্জ, দোয়ারাবাজার |